গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৮.২৪. ৪৪৮

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : ১) সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
২) উপজেলা নির্বাহী অফিসার
সাভার, ঢাকা।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপবরাদ্দ প্রদান।

সূত্র : ১) বিভাগীয় কমিশনার,ঢাকার স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.১৪.০০২.১৮-৭৮, তারিখ: ২৩/০৬/২০২৪খ্রি.
২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২৪.(অংশ-১৭)-৮২, তারিখ: ২৩ জুন২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত টাকা হতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নগদ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর বর্ণিত অনুশাসনাবলী ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসুরণপূর্বক বাস্তবায়ন কাজ সম্পন্ন করার লক্ষ্যে বাস্তবায়ন নির্দেশিকার ৮.(ক) জেলা কর্ণধার কমিটি, (খ) কর্ণধার কমিটির কর্মপরিধির (১১) নং নির্দেশনা মোতাবেক যাচাই বাছাই শেষে জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তাবলী এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ অনুসরণপূর্বক বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ টাকা তাঁর অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।

২। **এই ব্যয় চলতি** ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | আওতাভূক্ত উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ভাকুর্তা, সাভার | ১। নলাগড়িয়া ওয়াসার পানি পাম্প সংলগ্ন রাস্তা মেরামতের জন্য অর্থ বরাদ্দ | ১,০০,০০০/- |
| | | ২। ভার্কুতা হিন্দুপাড়া সংলগ্ন রাস্তা সংস্কারের জন্য অর্থ বরাদ্দ | ১,০০,০০০/- |
| | | সর্বমোট দুই লক্ষ টাকা মাত্র | ২,০০,০০০/- |
| ০২ | তেজগাঁও উন্নয়ন সার্কেল ঢাকা | ১। ঢাকা কলেজের অডিটরিয়াম মেরামত ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ। | ২,০০,০০০/- |
| | | ২। গভ: ল্যাবরেটরী হাই স্কুলের ওয়াশ ব্লক সংস্কার ও মেরামত জন্য অর্থ বরাদ্দ | ২,০০,০০০/- |
| | | ৩। ভূইয়াপাড়া মিনার জামে মসজিদ সংস্কারের জন্য অর্থ বরাদ্দ | ১,৫০,০০০/- |
| | | ৪। আশরাফিয়া এতিমখানা সংস্কারের জন্য অর্থ বরাদ্দ | ১,০০,০০০/- |
| | | সর্বমোট ছয় লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র | ৬,৫০,০০০/- |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণিরোড, ঢাকা/সংশ্লিষ্ঠ উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে উত্তোলন করতে হবে।

(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ ৩০/০৬/২০২৪খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;

(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত **টাকা** ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত টাকা ছাড় করা যাবে না।

(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মনিন্দর রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইস'র সভাপতি করতে হবে।

চলমান পাতা-০২

(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন / বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;

(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/আইন বিধির আওতায় আনতে হবে;

(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;

(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

১১) মঞ্জুরী আদেশের শর্তাবলীর ৮ নং ক্রমিকের নির্দেশনা মোতাবেক কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পের বরাদ্দকৃত অর্থ কোন অবস্থায় ছাড় করা যাবে না। বরাদ্দকৃত টাকা সরকারী কোষাগারে চালানমূলে জমা প্রদান করত সিটিআরসহ চালানের কপি প্রেরণ করতে হবে;

(১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;

(১৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৪) প্রকল্পসমূহের প্রাক্কলন প্রনয়ণ ও এক কপি প্রাক্কলন দাখিলপূর্বক প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

(১৫) প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বের ছবি এবং বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর ছবি সংরক্ষণ করতে হবে।

(১৬) প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর প্রতিটি প্রকল্পের পূর্বের এবং বর্তমান ছবি প্রেরণ করতে হবে।

(১৭) বাস্তবায়ন নির্দেশিবার ১০(ক) অনুযায়ী প্রতিটি প্রকল্পের সাইনবোর্ড প্রকল্প সাইডে স্থাপন করতে হবে। সাইনবোর্ডের ছবি বাস্তবায়ন কাজ শুরু করার তিন দিনের মধ্যে দাখিল করতে হবে।

(১৮) পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**২। এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

24/06/2024

মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল : ০১৭০০৭১৬৬৭৮
E-mail: drrodhaka@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৮.২৪. ৪৪৮

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ / ২৪ জুন ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা------- ঢাকা------;
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৫। চিফ একাউন্টস এ্যান্ড ফাইনান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা;
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা;
৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। সহকারী কমিশনার. আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা তাকে (উপবরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো);
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, ঢাকা। তাঁকে উপজেলা/তেজগাঁও উন্নয়ন সার্কেল হতে কাজের অগ্রগতি প্রতিবেদন সংগ্রহপূর্বক সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করে প্রতি মাসের ০৫ ও ১৫ তারিখের মধ্যে মাসিক ও পাক্ষিক প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো;
১০। উপজেলা একাউন্টস এ্যান্ড ফাইনান্স অফিসার, সাভার, ঢাকা;
১১। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা/সাভার, ঢাকা;
১২। অফিস কপি।

24/06/2024

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।